চলে যায় মরি হায় বসন্তের দিন ।
দূর শাখে পিক ডাকে বিরামবিহীন ॥
    অধীর সমীর-ভরে উচ্ছ্বসি বকুল ঝরে,
    গন্ধ-সনে হল মন সুদূরে বিলীন ॥
পুলকিত আম্রবীথি ফাল্গুনেরই তাপে,
মধুকরগুঞ্জরনে ছায়াতল কাঁপে ।
    কেন আজি অকারণে   সারা বেলা আনমনে
পরানে বাজায় বীণা কে গো উদাসীন ।

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail